

মাস্টার্স কোর্স

নেতাজি সুভাষ মুক্ত
বিশ্ববিদ্যালয়ে এবার থেকে
সাংবাদিকতা ও গণজ্ঞাপণে এবং
অর্থনীতিতে মাস্টার্স ডিগ্রি করার
সুযোগ পেতে চলেছে পড়ুয়ারা।
সম্প্রতি বিষয় দু'টি পড়ানোর
জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি
কমিশনের অনুমোদন পেয়েছে
সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানটি।
কোর্সের মেয়াদ দু'বছর। তবে
কোর্সটি পাঁচ বছরেও শেষ করা
যেতে পারে (ওডিএল সিস্টেমের
কারণে)। নেতাজি সুভাষ মুক্ত
বিশ্ববিদ্যালয় পশ্চিমবঙ্গের একমাত্র
বিশ্ববিদ্যালয় যেখানে দূরশিক্ষার মাধ্যমে
সাংবাদিকতা ও গণজ্ঞাপণে স্নাতকোত্তর
ডিগ্রি করা যাবে। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক
অনির্বাণ ঘোষ জানিয়েছেন, “স্নাতক পাশ
করলেই বিষয় দু'টি পড়তে পারবে।
বয়সের উর্ধ্বসীমা নেই। অনেক ছাত্রছাত্রী
যাতে ভবিষ্যতে চাকরি পেতে পারে, সে
কথা ভেবে কোর্সগুলি সাজানো হয়েছে।”

beat
বিশ্ববিদ্যালয়